# প্রেরিত পৌল নতুন বিশ্বসীদেরকে তাঁর পত্রের দ্বারা শক্তিযুক্ত করেছিলেন

**প্রার্থনা ঃ** "প্রিয় প্রভু নতুন মণ্ডলীগুলির জন্য পৌল যা করেছিলেন এবং তাদেরকে তিনি যা লিখেছিলেন তার প্রশংসা করতে ছোটদেরকে সাহায্য করুন।"

এমন শিক্ষার কার্যকলাপ বেছে নিন যা ছোটদের পরিপক্কতা এবং প্রয়োজনের সাথে মানানসই হয়।

পৌলের লেখা সবথেকে ছোট পত্রটি যা তিনি ফিলিমনকে লিখেছিলেন, পাঠ করার দ্বারা তাঁর পত্রগুলিকে শিক্ষা দেওয়ার জন্য প্রস্তুত হন। এতে খুঁজুন

- পৌল নিজেকে কি বলে অভিহিত করেছিলেন। (১ পদ)
- ফিলিমনের জন্য তিনি কি কামনা করেছিলেন। (৩ পদ)
- ফিলিমনের জন্য তিনি কি করছিলেন। (৪-৬ পদ)
- কার পক্ষে পৌল বিনতি করেছিলেন। (১০-১৪ পদ)
- পৌল ফিলিমনকে কি করাতে চেয়েছিলেন। (১৫-১৮ পদ)



পৌল ফিলিমনকে কেন লিখেছিলেন তা ছোটদেরকে বলুন। উপরে প্রদত্ত প্রশ্নের উত্তরগুলি থেকে যে বিষয় গুলি আপনি খুঁজে পেয়েছেন সে বিষয় প্রশ্ন জিজ্ঞাসা করুন।

তাঁর কিছু পত্র লেখার সময় কেন তিনি কারাগারে ছিলেন তা ব্যাখ্যা করুন।

- প্রচীন রোমীয় রাজারা অনেক জাতীর উপর রাজত্ব করেছিল এবং তাঁরা খুব অহংকারী ছিলেন। তারা বহু খ্রীষ্টানকে কারাগারে বন্দী করে ছিলেন এবং যারা রাজার মূর্ত্তিকে আরাধনা করতে অস্বীকার করেছিলেন তাদেরকে হত্যা করেছিলেন।
- বহু বছর প্রেরিত পৌল রোমের কারাগারে বন্দী ছিলেন এবং সেখান থেকে তিনি পত্র লেখার দ্বারা নতুন মন্ডলী গুলিকে উৎসাহ দেওয়ার কাজ চালিয়ে গিয়েছিলেন।

কিছু ঘটনাকে (যেগুলি সম্পর্কে পৌল লিখেছিলেন) নাটক আকারে প্রস্তুত করুন।

- আরাধনাকারী নেতাদের নিয়ে ছোটদের দ্বারা নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন।
- বড় ছেলেমেয়েরা ছোটদেরকে প্রস্তুতি নিতে সাহায্য করবে।
- বড় ছেলেমেয়ে অথবা প্রাপ্তবয়স্করা বিবৃতিকার, মিথ্যাবাদী। ফিলিমন এবং পৌল যিনি একটি বাইবেল এবং থলি বহন করবেন, এই ভূমিকাগুলিতে অভিনয় করবে।

- ছেলেমেয়েদের পাথর নিক্ষেপকারী, কারারক্ষী দস্যুদের। এবং অনীষিমের (যার কাছে একটি পত্র থাকবে) চরিত্রগুলিতে অভিনয় করতে দিন।

**বিবৃতিকার ঃ** ''বাইবেলের একটি পত্র সম্বন্ধে একজন দাস কি স্মরণে রাখবে তা শ্রবণ করুন।''

**ওনীষিম ঃ** ফিলীমনের সন্মুখ থেকে ঘর ছেড়ে দৌড়ে বেরিয়ে যাবে।

**ফিলীমন ঃ** ''ফিরে এসো, ওনীষিম।'' ''তুমি একটা অপদার্থ এবং চোর দাস।''

**বিবৃতিকার ঃ** বহু দূরে গিয়ে দাসটি পৌলের দেখা পায়। যিনি তাকে যীশুর পথে আনায়ন করে তার গৃহে ফিরিয়ে দিয়ে ছিলেন।''

**ওনীষিম ঃ** ফিরে গিয়ে ফিলীমনকে পত্রটি দেবে।

**ফিলীমন ঃ** ''ওনীষিম! তাহলে, তুমি ফিরে এসেছো!'' (পত্রের প্রতি দৃষ্টিপাত করবে।) ''এটি পৌল লিখেছেন! তিনি চান আমি যেন তোমাকে দাস নয়, কিন্তু একজন খ্রীষ্টেতে ভ্রাতা হিসাবে গ্রহণ করি। হ্যাঁ তুমি এখন স্বাধীন! আমরা একত্রে খ্রীষ্টের পরিচর্য্যা করবো!'' (ওনীষিমকে জড়িয়ে ধরবে।)

**বিবৃতিকার ঃ** ''পৌল যখন কারাগারে ছিলেন, ভণ্ড নেতারা করিন্থে এসেছিলেন। তাদের একজনের মিথ্যাচার শ্রবণ করুন।''

**মিথ্যাবাদী ঃ** ''পৌল প্রেরিতত্ব গ্রহণের অধিকার অর্জন করেননি। কিন্তু আমার তা আছে! আমিই হলাম প্রকৃত একজন প্রেরিত! আমিই তোমাদের মণ্ডলীকে নিয়ন্ত্রন করবো! এবং তোমরা তোমাদের দান সামগ্রী আমাকে দেবে।''

**বিবৃতিকার ঃ** ''পৌল করিন্থীয়দের এই ভুল শোধরাবার জন্য লিখেছিলেন। শুনুন তিনি কি লিখেছিলেন।''

**পৌল ঃ** উচ্চৈ স্বরে ২ করিন্থীয় ১১ঃ১৩-১৪ পদ পাঠকরবে।

**মিথ্যাবাদী ঃ** ''আমি শয়তানের সেবা করি! কিন্তু আমি আধ্যাত্মিক বাক্য ব্যবহারের দ্বারা বিশ্বাসীদেরকে ভুলাই।'' (মন্দ ভাবে হাসবে)

**পৌল ঃ** ২ করিন্থীয় ১১ঃ২৩-২৪ পর্ব করবে।

**কারীরক্ষী ঃ** পৌলের কাছ থেকে বাইবেল ও চটের থলি কেড়ে নেবে। এর পর তাকে বেঁধে চাবুক মারার অভিনয় করবে। তোমার হাতটি এমন ভাবে দোলাবে যেন ভারী চাবুক দিয়ে পৌলকে আঘাত করছো। প্রতিবার দোলাবার সময় কতবার পৌল কে আঘাত করছো তা বলবে। ৩৫ থেকে শুরু করবে। ৩৯ শে থামবে। ''পঁয়ত্রিশ'' (মারবে) ''ছত্রিশ'' (মারবে) ৩৯ পর্যন্ত এরূপ করবে।

**পৌল ঃ** প্রতিবার আঘাত পাবার পর যন্ত্রনায় চিৎকার করবে। ৩৯ তম বারে পড়ে যাবে। কিছু মূহুর্ত অপেক্ষা করার পর উঠে দাঁড়াবে এবং থলি ও বাইবেলটি ধারন করবে। ২ করিন্থীয় ১১ঃ২৫ পদ পাঠকরবে।

**পাথর নিক্ষেপকারী ও মিথ্যাবাদী ঃ** পৌলের দিকে ভারী পাথর ছোঁড়ার অভিনয় করবে।

**পৌল ঃ** যন্ত্রনায় চিৎকার করবে ও পড়ে যাবে।

**বিবৃতিকার ঃ** ''পৌল করিন্থীয়দের কি লিখেছিলেন সে সম্বন্ধে আরও শ্রবণ করুন।''

**পৌল ঃ** চটের থলি ও বাইবেল নিয়ে উঠে দাঁড়াবে। ২ করিন্থীয় ১১ঃ২৬ পদ পর্ব করবে।

**দস্যুরা ঃ** পৌলের পশ্চাতে নিঃশব্দে এসে দাঁড়াবে। এ রকম কিছু বলে চীৎকার করবে যেমন, ''ওর ব্যাগে কিছু আছে''! ''ও কে লুঠ কর!'' ''থলিটা ছিনিয়ে নাও!'' (লাঠি দিয়ে পৌলের মাথায় আঘাত করার ভান করবে। সত্যিকারে দণ্ড ব্যবহার করবে না। (থলিটা নিয়ে পালাবে।)

**পৌল ঃ** দস্যুরা যখন আক্রমণ করবে তখন পড়ে যাবে।

**বিবৃতিকার ঃ** ''পৌলের পত্র সম্বন্ধে আরও শুনুন।''


**পৌল ঃ** উঠে দাঁড়াবে এবং ২ করিন্থীয় ১১ঃ২৭-২৮ পদ পাঠ করবে।

**বিবৃতিকার এবং বয়স্ক ছেলেমেয়েরা ঃ** নাটকটিতে যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ দেবে।

ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদেরকে প্রাপ্তবয়স্কদের এই প্রশ্নগুলিও জিজ্ঞাসা করতে দিন যেগুলির উত্তর তারা ইতিমধ্যেই দিয়েছে। (উপরে) বিভিন্ন জাতির মধ্যে যীশুর সম্পর্কিত সুসমাচার বহনের নিমিত্ত পৌল যে সমস্ত যাতনার সন্মুখীন হয়েছিলেন সে সম্পর্কে উল্লেখ করার জন্যে প্রাপ্তবয়স্ক এবং ছোটদেরকে আহ্বান করুন।

চাবুক হাতে একজন ক্রুদ্ধ ব্যক্তির ছবি আঁকুন অথবা এটিকে নকল করুন।

- পরবর্তী আরাধনার সময় ছোটদের তাদের ছবিগুলিকে প্রাপ্তবয়স্কদের দেখাতে দিন।
- তাদের কে ব্যাখ্যা করতে দিন যে এটি প্রিয় পত্র লেখক পৌল, অন্য লেকদের সেবার্থে কিরূপ যাতনা সহ্য করেছিলেন তার ছবি তুলে ধরে।



**মুখস্থ পদ ঃ** ছোট শিশুদের ১ যোহন ২ঃ১২ এবং বড়দের ১ যোহন ২ঃ১২-১৪ পদ লিখতে বলুন।

**কবিতা ঃ** তিনজন ছেলেমেয়ের প্রত্যেককে ১ যোহন ২ঃ১২,১৩ ও ১৪ পদে এক একটি আবৃত্তি করতে বলুন।

পৌল যে সব পত্র লিখেছিলেন সেগুলি এবং পৌল সম্বন্ধে বড় ছেলে মেয়েদের গান অথবা কবিতা লিখতে বলুন।

**প্রার্থনা ঃ** "আমাদের স্বর্গীয় পিতা ঈশ্বর, আমরা তোমাকে বাইবেলের সুন্দর পত্রগুলির জন্য ধন্যবাদ দিই। যেগুলি তোমার পবিত্র আত্মা আমাদেরকে উৎসাহিত করতে, সঠিক এবং শক্তিশালী হতে সাহায্য করে।"

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net